



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-২৩৬

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩২
২৫ ফেব্রুয়ারি, ২০২৫

অফিস আদেশ

মন্ত্রীপরিষদ বিভাগ, সংস্থাপন অধিশাখা নং ০৪.০০.০০০০.০০০.৪১১.৯৯.০০০৩.১৭.৮২, তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. স্মারকে নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯-এর বিধানসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত বিধিমালার অধীন নিম্নলিখিত বিষয়সমূহ অফিস শৃঙ্খলা পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ:

- ক) বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতি;
- খ) বিনা অনুমতিতে অফিস ত্যাগ;
- গ) বিলম্বে অফিসে উপস্থিতি।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক শৃঙ্খলা সমুন্নত রাখা ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯.০০ টা মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- খ) অফিস সময় শেষ হওয়ার পূর্বে অর্থাৎ (পবিত্র মাহে রমজান উপলক্ষে বিকাল ৩.৩০ টা এবং রমজান পরবর্তী সময় বিকাল ৫.০০ টা) পূর্বে কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না;
- গ) অফিস চলাকালীন দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ বিভাগের প্রধান (রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিদর্শক ও প্রকাশনা নিয়ন্ত্রক)-এর অনুমতি গ্রহণকরত: সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর তফসিল অনুযায়ী ডিজিটাল হাজিরা প্রদানকরত: অফিস ত্যাগ করতে হবে;
- ঘ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল আঞ্চলিক অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে সাপ্তাহিক বা অন্যান্য ছুটির দিনে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণক্রমে কর্মস্থল ত্যাগ করতে হবে।

০৩। অনুচ্ছেদ ০২-এর ব্যাত্যয় ঘটিয়ে কোন কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, অফিস ত্যাগ, বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-২৩৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ইমেইল-registrar@bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-২৩৫(৭)

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩২
২৫ ফেব্রুয়ারি, ২০২৫

বিতরণ-সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. সিনিয়র পরামর্শক (চুক্তিভিত্তিক), কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
৪. পি. ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয় (সকল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ;
৬. সেকশন অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (শাখার সকলকে অবহিতকরণের অনুরোধসহ);
৭. অফিস কপি।

৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-২৩৫

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার

ফোন: ০২-২২৩৩৬৪৮৭৪

ইমেইল- dradmin@bmeb.gov.bd